জানুয়ারি ২০২৩
১৪তম বর্ষ ১ম সংখ্যা

# এনএপিডি বার্তা

## জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমির ষাণ্মাসিক বুলেটিন


### একাডেমি পরিচিতি

জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর জনপ্রশাসন মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন একটি জাতীয় প্রশিক্ষণ প্রতিষ্ঠান। পরিকল্পনা ও উন্নয়ন কর্মকাণ্ডের সাথে সংশ্লিষ্ট সরকারি, আধাসরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থার কর্মকর্তাদের পেশাগত দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে নভেম্বর ১৯৮০ সালে এই একাডেমি **'Development of the Planning Machinery in Bangladesh (Creation of Institutional Facilities for Training in Planning and Development)'** শিরোনামে একটি প্রকল্প হিসেবে যাত্রা শুরু করে। ১৯৮৪ সালে একাডেমি ৩/এ, নীলক্ষেত, ঢাকায় নিজস্ব ভবনে স্থানান্তরিত হয় এবং সরকারের রাজস্ব খাতে অন্তর্ভুক্ত হয়। মন্ত্রিপরিষদ বিভাগের ০৬ জানুয়ারি, ১৯৮৫ তারিখের সিদ্ধান্ত মোতাবেক পরিকল্পনা ও উন্নয়ন একাডেমির 'বোর্ড অব গভর্নরস্'- কে 'বডি কর্পোরেট'- এ রূপান্তর করা হয়। তখন থেকে একাডেমি বিভিন্ন সরকারি ও বেসরকারি সংস্থায় কর্মরত কর্মকর্তাদের একুশ শতকের চ্যালেঞ্জ মোকাবেলায় সক্ষম করতে ব্যাপক প্রশিক্ষণ প্রদান করে আসছে।

১২ জুন, ২০০৭ তারিখে অনুষ্ঠিত 'বোর্ড অব গভর্নরস্'-এর এক সভায় একাডেমির নাম 'পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি' এর পরিবর্তে 'জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি' করার সিদ্ধান্ত গৃহীত হয়। ৩০ আগস্ট, ২০০৯ তারিখে একাডেমির নতুন নামকরণ মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়। গত ৩ মার্চ, ২০১০ তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ উপস্থিতিতে একাডেমির 'রজত জয়ন্তী' পালিত হয়।

০১ অক্টোবর, ২০১৮ তারিখে 'জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি আইন ২০১৮' (২০১৮ সালের ৪১ নং আইন) মহামান্য রাষ্ট্রপতির সম্মতিলাভের মাধ্যমে একাডেমি দৃঢ় আইনগত ভিত্তির উপর প্রতিষ্ঠিত হয়।

জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমির সার্বিক কার্যক্রম জনপ্রশাসন মন্ত্রণালয়ের অধীনে ন্যস্ত করে গত ১৭ ফেব্রুয়ারি ২০২২ তারিখে মহামান্য রাষ্ট্রপতির আদেশক্রমে প্রজ্ঞাপন জারি করা হয়।




জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমির ৩৭তম বিওজি সভা অনুষ্ঠিত হয় ০৬ জুলাই, ২০২২ (বুধবার)। উপস্থিত ছিলেন বোর্ডের চেয়ারম্যান ও পরিকল্পনা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব এম. এ. মান্নান এমপি মহোদয়, বোর্ডের ভাইস-চেয়ারম্যান ও পরিকল্পনা মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী ড. শামসুল আলম।




জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি কর্তৃক আয়োজিত বিসিএস (স্বাস্থ্য) ক্যাডার কর্মকর্তাদের ১১০তম এবং নন-ক্যাডার কর্মকর্তাদের ১৭তম বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের উদ্বোধনী অনুষ্ঠান গত ২৪ জুলাই, ২০২২ তারিখে অনুষ্ঠিত হয়। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত হয়ে কোর্স দুইটির শুভ উদ্বোধন ঘোষণা করেন একাডেমির মহাপরিচালক ও সরকারের সচিব জনাব মোঃ বদরুল আরেফীন। অনুষ্ঠানটি সভাপতিত্ব করেন একাডেমির অতিরিক্ত মহাপরিচালক ও অতিরিক্ত সচিব জনাব সামসুদ্দিন আহমেদ ভূঁইয়া।



জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি কর্তৃক আয়োজিত জাতীয় পাবলিক সার্ভিস দিবস ২০২২ উদ্‌যাপন উপলক্ষ্যে 'বঙ্গবন্ধুর উন্নয়ন ভাবনা ও বাংলাদেশের উন্নয়ন প্রশাসন' শীর্ষক সেমিনার গত ২৬ জুলাই ২০২২ (মঙ্গলবার) তারিখে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব ফরহাদ হোসেন, এম.পি।



স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদত বার্ষিকী উপলক্ষ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন একাডেমির মহাপরিচালক ও সরকারের সচিব জনাব মোঃ বদরুল আরেফীন। এসময় উপস্থিত ছিলেন একাডেমির অতিরিক্ত মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব সামসুদ্দিন আহমেদ ভূঁইয়া, যুগ্ম-সচিব ও প্রধান প্রশিক্ষক ১ জনাব সায়মা আফরোজ, একাডেমির পরিচালক (গবেষণা ও প্রকাশনা) ড. মোঃ নুরুজ্জামান, পরিচালক (প্রশাঃ ও অর্থ) প্রকৌঃ মোঃ আবদুর রশিদ এবং পরিচালক (প্রশিক্ষণ) মোহাম্মদ হাসান তারিক (১৫-০৮-২০২২)।




জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি কর্তৃক আয়োজিত 'Development Administration' for BCS (Admin) Cadre Officers (3rd Batch) -শীর্ষক প্রশিক্ষণ কোর্সের উদ্বোধনী অনুষ্ঠানে (০৪.০৯.২০২২) প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন একাডেমির মহাপরিচালক (সরকারের সচিব) জনাব মোঃ বদরুল আরেফীন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন একাডেমির পরিচালক (গবেষণা ও প্রকাশনা) ড. মোঃ নুরুজ্জামান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ড. মোঃ সহিদউল্যাহ। অনলাইনে (জুমে ) উপস্থিত ছিলেন এশিয়ান ইনস্টিটিউট অব টেকনোলজি-এর পরিচালক, (এক্সটেনশন) Mr. Voravate Chonlasin।




জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি কর্তৃক আয়োজিত বিসিএস (স্বাস্থ্য) ক্যাডার কর্মকর্তাদের ১১০তম এবং নন-ক্যাডার কর্মকর্তাদের ১৭তম বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের সমাপনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয় গত ২০ সেপ্টেম্বর ২০২২। সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে কোর্স দুইটির প্রশিক্ষণার্থীদের মাঝে সনদপত্র বিতরণ ও মহাপরিচালক অ্যাওয়ার্ড প্রদান করেন একাডেমির মহাপরিচালক ও সরকারের সচিব জনাব মোঃ বদরুল আরেফীন।




জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি কর্তৃক আয়োজিত Diploma in Project Management (DPM) for Planning Division Officials (2nd & 3rd Batch) প্রশিক্ষণ কোর্সের সমাপনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয় গত ২৮ সেপ্টেম্বর ২০২২ তারিখ। সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে কোর্স দুইটির প্রশিক্ষণার্থীদের মাঝে সনদপত্র বিতরণ করেন মাননীয় প্রতিমন্ত্রী ড. শামসুল আলম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিকল্পনা বিভাগের সচিব জনাব মোঃ মামুন-আল-রশীদ। সভাপতিত্ব করেন একাডেমির মহাপরিচালক ও সরকারের সচিব জনাব মোঃ বদরুল আরেফীন।



জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি কর্তৃক আয়োজিত Project Planning and Management প্রশিক্ষণ কোর্স (১২ তম ব্যাচ) এর উদ্বোধনী অনুষ্ঠানে (১০ অক্টোবর ২০২২) প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন একাডেমির মহাপরিচালক (সরকারের সচিব) জনাব মোঃ বদরুল আরেফীন।

## বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স

জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমিতে জুলাই ২০২২ থেকে ডিসেম্বর ২০২২ সময়ে নিম্নবর্ণিত বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সসমূহ আয়োজন করা হয়:

- SFTC for Non-cadre Officers (16th Batch) Online
- SFTC for BCS (Health) cadre Officers (110th Batch) On Campus
- SFTC for Non-cadre Officers (17th Batch) On Campus
- SFTC for BCS (Health) cadre Officers (111th Batch) On Campus
- SFTC for Non-cadre Officers (18th Batch) Online

## Project Appraisal, EIA and Formulation of DPP বিষয়ক প্রশিক্ষণ কোর্স

এনএপিডি'তে Project Appraisal, EIA and Formulation of DPP বিষয়ক প্রশিক্ষণ কোর্স এর ২১তম ব্যাচ গত ২৪ জুলাই থেকে ১১ আগস্ট ২০২৩ অনুষ্ঠিত হয়। ১৫ কর্মদিবস মেয়াদি কোর্সটিতে ১৪জন কর্মকর্তা অংশগ্রহণ করেন।

## Public Procurement Management বিষয়ক প্রশিক্ষণ কোর্স

এনএপিডি'তে Public Procurement Management বিষয়ক প্রশিক্ষণ কোর্স এর ২৬তম ব্যাচ গত ২৩ অক্টোবর, ২০২২ থেকে ১০ নভেম্বর, ২০২২ সময়ে অনুষ্ঠিত হয়। ১৫ কর্মদিবস মেয়াদি কোর্সটিতে ২৫জন কর্মকর্তা অংশগ্রহণ করেন।

## Project Planning and Management ( PPM) বিষয়ক প্রশিক্ষণ কোর্স

এনএপিডি'তে Project Planning and Management (PPM) বিষয়ক প্রশিক্ষণ কোর্স এর ১১তম ব্যাচ গত ০৬ মার্চ, ২০২২ থেকে ২১ জুন, ২০২২ সময়ে অনুষ্ঠিত হয়। ৩৫ কর্মদিবস মেয়াদি কোর্সটিতে ১৮জন কর্মকর্তা অংশগ্রহণ করেন।



যথাযোগ্য মর্যাদার সাথে গত ১৮ অক্টোবর, ২০২২ তারিখ জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)-তে 'শেখ রাসেল দিবস ২০২২' উদযাপন করা হয়। একাডেমির লবিতে স্থাপিত শেখ রাসেল-এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পনের মাধ্যমে শ্রদ্ধা নিবেদন করেন মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকসহ একাডেমির সকল স্তরের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

## Leadership and Strategic Planning বিষয়ক প্রশিক্ষণ কোর্স

এনএপিডি'তে কর্মকর্তাদের নিয়ে Leadership and Strategic Planning বিষয়ক প্রশিক্ষণ কোর্স এর ১৩তম ব্যাচ গত ০৪ থেকে ০৮ ডিসেম্বর ২০২২ সময়ে অনুষ্ঠিত হয়। ০৫ কর্মদিবস মেয়াদি কোর্সটিতে ১৬জন কর্মকর্তা অংশগ্রহণ করেন।

## Project Planning and Management বিষয়ক প্রশিক্ষণ কোর্স

এনএপিডি'তে অনলাইনে Project Planning and Management বিষয়ক প্রশিক্ষণ কোর্স এর ১২ তম ব্যাচ গত ১০ অক্টোবর থেকে ২৮ ডিসেম্বর ২০২২ সময়ে অনুষ্ঠিত হয়। ৩৫ কর্মদিবস মেয়াদি কোর্সটিতে মোট ২৪জন কর্মকর্তা অংশগ্রহণ করেন।

## Post Graduate Diploma in Development Planning বিষয়ক প্রশিক্ষণ কোর্স

এনএপিডি'তে Post Graduate Diploma in Development Planning বিষয়ক প্রশিক্ষণ কোর্স গত জানুয়ারি থেকে ডিসেম্বর ২০২২ সময়ে অনুষ্ঠিত হয়। ১৩০ কর্মদিবস মেয়াদি কোর্সটিতে ৩৬জন কর্মকর্তা অংশগ্রহণ করেন।

## Training Course on Development Administration for BCS (Admin) বিষয়ক প্রশিক্ষণ কোর্স

দেশের বিভিন্ন পর্যায়ে কর্মরত প্রশাসন ক্যাডারের কর্মকর্তাদের নিয়ে Training Course on Development Administration for BCS (Admin) বিষয়ক প্রশিক্ষণ কোর্স এর দুটি ব্যাচ অনুষ্ঠিত হয়। গত ১৬ মে - ১৩ আগস্ট সময়ে ২য় ব্যাচ এবং ০৪ সেপ্টেম্বর ২০২২ থেকে ০২ ডিসেম্বর ২০২২ সময়ে ৩য় ব্যাচ অনুষ্ঠিত হয়। ৯০ কর্মদিবস মেয়াদি কোর্সগুলোতে প্রতি ব্যাচে ৫০জন করে মোট ১০০জন কর্মকর্তা অংশগ্রহণ করেন। এর মধ্যে নারী কর্মকর্তা ছিলেন ২৬জন।

## বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স

এনএপিডি'তে নন-ক্যাডার কর্মকর্তাদের জন্য SFTC for Non-cadre Officers Online বিষয়ক প্রশিক্ষণ কোর্স এর ১৬, ১৭ ও ১৮ তম ব্যাচ অনুষ্ঠিত হয়। এর মধ্যে ১৬ এবং ১৮তম ব্যাচ অনলাইনে সম্পন্ন হয়। ৬০ কর্মদিবস মেয়াদি কোর্সগুলোতে মোট ৬৭জন কর্মকর্তা অংশগ্রহণ করেন।

এনএপিডি'তে স্বাস্থ্য ক্যাডার কর্মকর্তাদের জন্য SFTC for BCS (Health) cadre Officers বিষয়ক প্রশিক্ষণ কোর্স এর ১১০ ও ১১১ তম ব্যাচ অনুষ্ঠিত হয়। ৬০ কর্মদিবস মেয়াদি কোর্সগুলোতে মোট ৮০জন কর্মকর্তা অংশগ্রহণ করেন।

## সেমিনার

জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমিতে গত ২৬ জুলাই ২০২২ তারিখে 'বঙ্গবন্ধুর উন্নয়ন ভাবনা ও বাংলাদেশের উন্নয়ন প্রশাসন' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারে বিভিন্ন দপ্তর অধিদপ্তরের ২৪জন নারী কর্মকর্তাসহ মোট ১২৩জন কর্মকর্তা অংশগ্রহণ করেন।

## কর্মশালা

জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমিতে গত ২৯ ডিসেম্বর ২০২২ তারিখে Workshop on 'APA Implementation' শিরোনামে একটি কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় বিভিন্ন দপ্তর অধিদপ্তরের ০৮জন নারী কর্মকর্তাসহ মোট ৪০জন কর্মকর্তা অংশগ্রহণ করেন।

## NAPD হতে অবসর গ্রহণ


গত ০৩/০৭/২০২২ ইংতারিখে জনাব সুবল কুমার দে, পরিচ্ছন্নতা কর্মী এবং ৩১/১২/২০২২ ইং তারিখে জনাব মো: নুরুল ইসলাম, ক্লাসরুম এটেনডেন্ট এনএপিডি হতে অবসর গ্রহণ করেন।


## কোর্স পরিসংখ্যান (জানুয়ারি-জুন ২০২২)

| কোর্স/কর্মশালা | অনুষ্ঠিত কোর্স সংখ্যা | প্রশিক্ষণার্থীর সংখ্যা |
|---|---|---|
| নিয়মিত দিবা ও সান্ধ্যাকালীন কোর্স | ১২ | ১৯৬ |
| ডিপ্লোমা কোর্স | ১ | ৩৬ |
| উন্নয়ন প্রশাসন কোর্স | ২ | ১০০ |
| বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স | ৫ | ১৪৭ |
| অন্যান্য (স্থানীয় প্রশিক্ষণ, সেমিনার ইত্যাদি) | ১৫ | ৪৬১ |
| কর্মশালা | ১ | ৪০ |
| **সর্বমোট** | ৩৬ | ৯৮০ |




জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি কর্তৃক আয়োজিত Public Procurement Management প্রশিক্ষণ কোর্স (২৬তম ব্যাচ) এর উদ্বোধনী অনুষ্ঠানে (২৩ অক্টোবর, ২০২২) প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন একাডেমির অতিরিক্ত মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব সামসুদ্দিন আহমেদ ভূঁইয়া।




**জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমির নিয়মিত বার্ষিক প্রকাশনা ডেভেলপমেন্ট রিভিউ-৩১তম সংখ্যা প্রকাশিত হয়েছে। এতে বাছাইকৃত ০৬টি প্রবন্ধ রচিত পেয়েছে। ৩২তম সংখ্যা প্রকাশের উদ্যোগে প্রবন্ধ আহবান করা হয়েছে।**




## গবেষণা ও প্রকাশনা

জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমির রাজস্ব খাতের আওতায় ২০২১-২২ অর্থ বছরে নিম্নোক্ত ০২টি যুগপোযোগী গবেষণা কার্যক্রম বাস্তবায়িত হয়েছে।

| Sl. No. | Title | Research Team Members |
|---|---|---|
| 01. | **'Performance Assessment of Human Resource Development during COVID-19: A Study of Some Selected National Level Training Institutions in Bangladesh'** | **Md. Nuruzzaman Ph.D.**<br>*Team Leader & Director (Research & Publication), NAPD*<br>**Thouhidur Rahman Chowdhury**<br>*Research Associate & Deputy Director (Research & Publication), NAPD*<br>**Most. Lipia Khatun**<br>*Research Associate & Evaluation Officer, NAPD*<br>**Engr. Tahmidur Rahman**<br>*Research Associate & Research Officer, NAPD*<br>**Ullas Chowdhury**<br>*Research Associate & Research Officer, NAPD* |
| 02. | **'Assessment of the Effectiveness of Online Training Programmes on Participant's Learning Outcome: A Case Study of National Academy for Planning and Development'** | **Dr. Md. Mahmudul Hasan**<br>*Research Director*<br>**Dr. Syeda Naushin Parnini**<br>*Researcher, Deputy Secretary Ministry of Railway* |

# এনএপিডি'র সাম্প্রতিক কর্মকান্ডের খণ্ডচিত্র



জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি কর্তৃক আয়োজিত Oracle Based Database Application Design প্রশিক্ষণ কোর্স (১২তম ব্যাচ) এর সমাপনী অনুষ্ঠানে (৩০ অক্টোবর ২০২২) প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন একাডেমির মহাপরিচালক (সরকারের সচিব) জনাব মোঃ বদরুল আরেফীন।




এনএপিডি অ্যালামনাই অ্যাসোসিয়েশন কর্তৃক গত ৮/১১/২০২২ তারিখে আয়োজিত 'Sports for the persons with disability in perspective to inclusive development' শীর্ষক সেমিনারের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এনএপিডি'র মহাপরিচালক (সরকারের সচিব) জনাব মোঃ বদরুল আরেফীন। এছাড়াও উপস্থিত ছিলেন অ্যালামনাই অ্যাসোসিয়েশনের মহাসচিব জনাব মোঃ আতাউল হক (সাবেক অতিরিক্ত সচিব)।



বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) ক্যাডার কর্মকর্তাদের চার মাস মেয়াদি ৩য় 'উন্নয়ন প্রশাসন' কোর্সের সমাপনী গত ৩০ নভেম্বর ২০২২ তারিখ (বুধবার) সন্ধ্যা ০৭:০০ ঘটিকায় The Forest Lounge, রোড নং ১০/এ সাতমসজিদ রোড, ধানমন্ডি, ঢাকা-১২০৫ এ আয়োজন করা হয়েছিল। উক্ত অনুষ্ঠানে জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব ফরহাদ হোসেন, এমপি প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব মোহাম্মদ মেজবাহ উদ্দিন চৌধুরী। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন এনএপিডি'র সম্মানীত মহাপরিচালক ও সরকারের সচিব জনাব মো: বদরুল আরেফীন।




জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি কর্তৃক আয়োজিত শহিদ বুদ্ধিজীবী দিবস ২০২২ উপলক্ষ্যে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন একাডেমির মহাপরিচালক (সরকারের সচিব) জনাব মোঃ বদরুল আরেফীন। অনুষ্ঠানে এনপিডির ফ্যাকাল্টিগণ সহ সকল পর্যায়ের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।



জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি কর্তৃক আয়োজিত শহিদ বুদ্ধিজীবী দিবস ২০২২ উপলক্ষ্যে পুস্তক প্রদর্শনী অনুষ্ঠান পরিদর্শন করেন একাডেমির মহাপরিচালক (সরকারের সচিব) জনাব মোঃ বদরুল আরেফীন।



জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি কর্তৃক আয়োজিত Project Planning and Management প্রশিক্ষণ কোর্স (১২ তম ব্যাচ) এর সমাপনী অনুষ্ঠানে (২৮ ডিসেম্বর ২০২২) প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন একাডেমির মহাপরিচালক (সরকারের সচিব) জনাব মোঃ বদরুল আরেফীন।

# এনএপিডি'র সাম্প্রতিক কর্মকাণ্ডের খণ্ডচিত্র



এনএপিডি কর্তৃক আয়োজিত নন-ক্যাডার (১৭তম) ব্যাচের কর্মকর্তাদের বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের প্রশিক্ষণার্থীদের নিয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিসৌধ পরিদর্শন ও পুষ্পস্তবক অর্পণ।




জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি কর্তৃক আয়োজিত বিসিএস (স্বাস্থ্য) ক্যাডার কর্মকর্তাদের ০২ (দুই) মাস মেয়াদি (১৮ ডিসেম্বর ২০২২ - ১৫ ফেব্রুয়ারি ২০২৩) ১১২তম বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের উদ্বোধনী অনুষ্ঠানে (১৮ ডিসেম্বর ২০২২) প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন একাডেমির মহাপরিচালক (সিনিয়র সচিব) জনাব মোঃ বদরুল আরেফীন।



এনএপিডি'র Project Planning and Management প্রশিক্ষণ কোর্স (১২ তম ব্যাচ) এর সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন একাডেমির মহাপরিচালক (সরকারের সচিব) জনাব মোঃ বদরুল আরেফীন। অনুষ্ঠানটি সভাপতিত্ব করেন যুগ্মসচিব ও অতিরিক্ত মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব) জনাব সায়মা আফরোজ।



গত ১৮ অক্টোবর ২০২২ তারিখ জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)-তে 'শেখ রাসেল দিবস ২০২২' উদযাপন উপলক্ষ্যে আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এনএপিডির মহাপরিচালক (সরকারের সচিব) জনাব মোঃ বদরুল আরেফীন।




জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি কর্তৃক আয়োজিত মহান বিজয় দিবস ২০২২ উপলক্ষ্যে এনএপিডি ক্যাম্পাসে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ম্যুরালে পুষ্পস্তবক অর্পণ করেন একাডেমির মহাপরিচালক (সরকারের সচিব) জনাব মোঃ বদরুল আরেফীন ও এনএপিডির কর্মকর্তা-কর্মচারীবৃন্দ।



এনএপিডি'র মহাপরিচালক ও সরকারের সচিব জনাব মোঃ বদরুল আরেফীন মহোদয় কে এনএপিডি'র কর্মচারী কল্যান সমিতির নব-নির্বাচিত কার্যনির্বাহী কমিটির পক্ষ থেকে ফুলের শুভেচ্ছা বিনিময়।

## এনএপিডি'র সাম্প্রতিক কর্মকান্ডের খণ্ডচিত্র



এনএপিডি'র পরিচালক (প্রশাসন ও অর্থ) জনাব প্রকৌশলী মোঃ আব্দুর রশিদ নব-নির্বাচিত কার্যনির্বাহী কমিটি কে শপথ বাক্য পাঠ করান, এসময় এনএপিডি'র প্রশিক্ষক ও কর্মচারী কল্যাণ সমবায় সমিতি-২০২২ এর প্রধান নির্বাচন কমিশনার জনাব মৌফুল নাহার সহ এনএপিডি'র কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।



শপথ বাক্য পাঠ শেষে এনএপিডি'র কর্মচারী কল্যাণ সমবায় সমিতির ত্রি-বার্ষিক নির্বাচন-২০২২ এর নির্বাচন কমিশনারগণ ও একাডেমির কর্মকর্তাবৃন্দের সাথে নব-নির্বাচিত কমিটি-২০২২ এর সদস্যবৃন্দ।

## আসন্ন প্রশিক্ষণ সূচি (জানুয়ারি-জুন, ২০২৩)

### Regular Day Courses

| Sl. No. | Name of the Course | Duration | Working day | Course Management |
|---|---|---|---|---|
| 1. | Office Management (26th Batch) | 15.01.2023 to 26.01.2023 | 10 | Syama Afroz, Chief Instructor (Joint Secretary)<br>Most. Lipia Khatun, Evaluation Officer |
| 2. | E-Governance for Sustainable Development (18th Batch) | 22.01.2023 to 26.01.2023 | 05 | Md. Moynul Hasan Chowdhury, DD (Admin)<br>Mirza Noor Islam, Asst. Director |
| 3. | Research Methodology (15th Batch) | 22.01.2023 to 02.02.2023 | 10 | Mouful Nahar, Instructor<br>Md. Sirajul Islam, Associate Instructor |
| 4. | Blue Economy (3rd Batch) | 29.01.2023 to 02.02.2023 | 05 | Dr. Md. Nuruzzaman, Director (R & P)<br>Md. Nurul Amin, Asst. Programmer |
| 5. | Development Planning and Project Management (56th Batch) | 12.02.2023 to 02.03.2023 | 15 | Engr. Md. Abdur Rashid,Director (Admin & Finance)<br>Most. Abeda Sultana, Associate Instructor<br>Most. Jannatul Ferdousi, Asst. Librarian |
| 6. | Monitoring and Evaluation of Projects with IMED Formats (23th Batch) | 26.02.2023 to 09.03.2023 | 10 | Dr. Md. Nuruzzaman, Director (R & P)<br>Most: Abeda Sultana, Associate Instructor<br>Md. Zinnarul Islam, Documentation Officer |
| 7. | Good Governance and Relevant Tools (NIS, APA and GRS) (11th Batch) | 26.02.2023 to 02.03.2023 | 05 | Md. Moynul Hasan Chowdhury, DD (Admin)<br>Dipayan Chakroborty Partha, Research Officer |
| 8. | Sustainable Development Goals(SDGs) and Bangladesh (4th Batch) | 26.02.2023 to 02.03.2023 | 05 | Mohammad Anwar Hossain, Chief Instructor<br>Dipayan Chakroborty Partha, Research Officer |

## Evening Courses

| Sl. No. | Name of the Course | Duration | Working day | Course Management |
|---|---|---|---|---|
| 1. | English Language Proficiency (41st Batch) | - | 45 | Syama Afroz (Joint Secretary),Chief Instructor<br>Most. Abeda Sultana, Associate Instructor<br>Md. Matiur Rahman Molla,Audio Visual Officer |
| 2. | Introduction to SPSS (4th Batch) | - | 10 | Mouful Nahar, Instructor<br>Ullash Chowdhury, Research Officer |
| 3. | Cyber Security (2nd Batch) | - | 12 | Engr. Md. Abdur Rashid,<br>Director (Admin & Finance)<br>Md. Nurul Amin, Assistant Programmar |
| 4. | Advance Office Application (3rd Batch) | 15.01.2023 to 15.02.2023 | 15 | Mouful Nahar, Instructor<br>Ms. Zakia Begum, Dormitory Superintendent |
| 5. | Web page Development and Deployment (13th Batch) | 15.01.2023 to 14.03.2023 | 25 | Md. Hasan Tarik, Director (Training)<br>Mirza Noor Islam,Assistant Director |
| 6. | English Language Proficiency (42nd Batch) | 22.01.2023 to 07.05.2023 | 45 | Dr. Md. Nuruzzaman, Director (R & P)<br>Most. Abeda Sultana, Associate Instructor<br>Dipayan Chakroborty Partha, Research Officer |
| 7. | Post Graduate Diploma in Development Planning (35th Batch) | January-December, 2023 | 130 | Syama Afroz (Joint Secretary), Chief Instructor<br>Thouhidur Rahman Chowdhury, Deputy Director (R & P)<br>Md. Al-amin, Training Officer |
| 8. | Post Graduate Diploma in ICT for Development (PGD ICTD) (13th Batch) | January-December, 2023 | 130 | Engr. Md. Abdur Rashid,<br>Director (Admin & Finance)<br>Md. Sirajul Islam, Associate Instructor<br>T.C. Solaiman Gazi, Computer Operator |

***Classes of Evening Courses are held on Sunday, Tuesday and Wednesday***


| সম্পাদনা পরিষদ | প্রাপকের নাম, পূর্ণাঙ্গ ঠিকানা ও স্ট্যাম্প |
|---|---|
| উপদেষ্টা ঃ **জনাব মো: বদরুল আরেফীন**<br>মহাপরিচালক (সরকারের সচিব), এনএপিডি<br><br>প্রধান সম্পাদক ঃ **বেগম সায়মা আফরোজ**<br>অতিরিক্ত মহাপরিচালক (রুটিন দায়িত্ব)<br>(যুগ্মসচিব), এনএপিডি<br><br>সম্পাদক ঃ **ড. মো: নুরুজ্জামান**<br>পরিচালক (গবেষণা ও প্রকাশনা), এনএপিডি<br><br>সহঃ সম্পাদক ঃ ১। **জনাব তৌহিদুর রহমান চৌধুরী**<br>উপ-পরিচালক (গবেষণা ও প্রকাশনা), এনএপিডি<br>২। **মোছাঃ জান্নাতুল ফেরদৌসী**<br>সহকারী লাইব্রেরিয়ান, এনএপিডি | |



**যোগাযোগ ও মতামত প্রেরণের ঠিকানা**

সম্পাদক, এনএপিডি বার্তা, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি, ৩/এ, নীলক্ষেত, ঢাকা-১২০৫

ফোনঃ ৫৮৬১৪৭০৫-৬, পিএবিএক্স-২৭৩, ফ্যাক্স-৫৮৬১৫৬৯৫

E-mail: ddresearch@napd.ac.bd, Website: www.napd.gov.bd